শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



গোলক ধাঁধা



সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	7			9				2
				8	3			
3		8			7	5		
	2	6						8
4		3				7		6
1						4	2	
		2	6			9		5
			3	5				
6				2			4	

গতকালের সমাধান

1	2	7	3	4	9	6	5	8
3	9	4	5	6	8	1	7	2
5	6	8	2	7	1	4	3	9
9	7	6	4	5	2	8	1	3
2	5	1	6	8	3	9	4	7
4	8	3	1	9	7	5	2	6
6	3	9	7	1	4	2	8	5
7	4	5	8	2	6	3	9	1
8	1	2	9	3	5	7	6	4

সমাধানের নিয়ম— এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে, যেন : প্রতিটিট সারিতে ও প্রতিটিটকলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার

শব্দলিপি- ৮১৬



দেবাশিস পণ্ডিত

পাশাপাশি ঃ ১। মেঘজাত শিলা ৫। শিবধনু ৬। শ্রেষ্ঠ অভিনেতা ৭। যে অসংলগ্ন কথা বলে ৯। সারবস্তুহীন ১০। কোপনস্বভাব ১২। স্বর্ণমৃগরূপী রাক্ষস ১৩। মহামারী

উপরনীচ ঃ ১। দরজা ২। কোকিল যেখানে ডিমপাড়ে ৩। ভারী জিনিস উপরে তোলার জন্য চাকার মতো যন্ত্র বিশেষ ৪। অলংকারে নির্লজ্জ ৬। কদাচিৎ ৮। চতুর্বিধ ৯। গলাধাক্কা ১১। বিস্ময়

সমাধান ঃ শব্দলিপি - ৮১৫

পাশাপাশি ঃ ১। কলের পুতুল ৪। রণপা ৫। তানসেন ৭। কবর ৮। নজর ১০। কিংখান ১২। নর্তক ১৩। চপল নয়ন

উপরনীচ ঃ ১। কপালের লেখা ২। রক্ষিতা ৩। লগন ৪। রসিক ৬। নন্দনকানন ৯। রমক ১৩। কিরিচ ১১। নবীন

উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, কান্দি : এলাকার কৃষকদের দাবি মেনে কান্দির রসোড়া গ্রামের কাছে চালু হল একটা পেট্রোল পাম্প। ভারত পেট্রোলিয়ামের পাম্পটি মঙ্গলবার ফিতে কেটে চালু করেন কান্দির মহকুমা শাসক অভীক কুমার দাস।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)
আজ বুধবার আলোচনায় : শ্রী রামকৃষ্ণ কথামৃত।
গায়ক ও পাঠক : স্বামী পূতানন্দ মহারাজ।
সময় : সন্ধ্যা ৬-৩০।

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ১৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৪১ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫। ৫৮, **সূর্যাস্ত:** ঘ ৫।৪০। **জোয়ার:** বিকেল ০৩.৩১। **ভাঁটা:** সকাল ১০.৪১।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০গ্রাম):	৩০,০৭৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৮,৫৩৫
হলমার্ক গহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৮,৯৬৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,১০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,২০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	66.7375
INR / 1 Euro	70.7151
INR / 100 Jap. YEN	59.3500
INR / 1 Pound Sterling	83.0548

শেয়ার সূচক

BSE	28,743.32	▼ -69.56
NIFTY	8879.60	▼ -17.10

ভাগ্যলিপি

মেষ
পরিবারের বাকি থাকা কাজের দিকে মনোনিবেশ করা দিন আজ।

বৃষ
গণেশ বলছেন, আজ আপনার পক্ষে যে কোনও সিদ্ধান্ত যেতে পারে।

মিথুন
আপনার ব্যক্তিগত এবং পেশাগত জীবন আজ অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠতে চলেছে।

কর্কট
খরচ বৃদ্ধি পাবে আজ। তবে যা ক্ষতি হয়েছিল তা পুষিয়ে নিতে পারবেন।

সিংহ
কাজের সূত্রে আজ আপনার ভ্রমণের সম্ভাবনা রয়েছে। ব্যক্তিগত সম্পর্কে উন্নতি হতে পারে।

কন্যা
ভবিষ্যতে সাফল্যকে কাজে লাগিয়ে আজ নতুন উদ্যোগ গ্রহণ করতে পারেন। নতুন সূত্র খুঁজে পারেন যা আপনাকে সাফল্য লাভে সাহায্য করবে।

তুলা
গণেশ বলছেন, সতর্কতার সঙ্গে এগিয়ে চলার দিন আজ।

বৃশ্চিক
বকেয়া কাজ আজ শেষ করতে পারবেন।

ধনু
সকালের দিকে সাফল্য আসবে। গণেশ বলছেন, ভবিষ্যতে পরিকল্পনার আজ করতে পারেন।

মকর
বকেয়া হিসাব আজ পেতে পারেন।

কুম্ভ
আজকের দিনটা আপনার পারফরমেন্স সকলকে আকৃষ্ট করবে।

মীন
সাফল্য পাবেন আজকের দিনে।

কাকদ্বীপে পানীয় জল প্রকল্পের শিলান্যাস

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে দক্ষিণ-২৪ পরগনা জেলার প্রত্যন্ত অঞ্চলে পানীয় জল প্রকল্পের শিলান্যাস হল।

শিলান্যাস করেন রাজ্যের জনস্বাস্থ্য, কারিগরি এবং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে হাজির ছিলেন জেলা সভাধিপতি শামিমা শেখ। এ ছাড়াও ছিলেন জেলার দুই বিধায়ক শ্যামল মণ্ডল ও সওকত মোল্লা।

সাংসদ প্রতিমা মণ্ডল তাঁর ভাষণে বলেন, এই পানীয় জল প্রকল্পের ফলে ক্যানিং-১ ব্লকের বিস্তীর্ণ অংশের মানুষ উপকৃত হবেন। কয়েক লক্ষ মানুষ পানীয় জলের সুবিধা ভোগ করতে পারবেন। দক্ষিণ-২৪ পরগনা জেলার সভাধিপতি শামিমা শেখ এই প্রকল্প গড়ে তোলার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়কে ধন্যবাদ জানান।

তিনি বলেন, সুন্দরবন লাগোয়া এই জেলায় পানীয় জলের সংকট দীর্ঘদিনের। আগের সরকারের কাছে বহুবার আবেদন করেও কাজ হয়নি। কিন্তু এই সরকারের কাছে কোনও দাবি করতে হয়নি। রাজ্য সরকার এখানে মানুষের প্রয়োজন অনুযায়ী উন্নয়নের কাজ করে চলেছে। শামিমও এর জন্য সকলকে ধন্যবাদ জানান। দ্রুত এই প্রকল্প শেষ করার জন্য অনুরোধ করেন সুব্রত মুখোপাধ্যায়কে। জানা গেছে, অনুষ্ঠানে আসার কথা ছিল মেয়র শোভন চট্টোপাধ্যায়েরও। কিন্তু কলকাতায় কাজে ব্যস্ত থাকায় তিনি আসতে পারেননি।

বেলুড় মঠে রামকৃষ্ণ জন্মতিথি পালিত হল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বেলুড়ে রামকৃষ্ণ মঠ ও মিশনে মঙ্গলবার মহাসমারোহে পালিত হল যুগাবতার ঠাকুর শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের ১৮২তম জন্মতিথি। নিয়মমতো ভোর ৪.৪০ মিনিটে মঙ্গলারতির মধ্যে দিয়ে শুরু হয় রামকৃষ্ণ স্মরণ। মঠ প্রাঙ্গণে স্বামীজির গানের মধ্যে দিয়েই এদিন পরমহংসদেবকে স্মরণ করা হয়। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বেলুড় মঠ সংলগ্ন বেশ কয়েকটি স্কুলের ছাত্রছাত্রীরা বর্ণাঢ্য প্রভাতফেরিতে অংশ নেয়। এছাড়া বেলুড় মঠে দিনভর চলে বৈদিক অনুষ্ঠান। এদিন শ্রীশ্রী রামকৃষ্ণ দেবের জন্মতিথি উপলক্ষে সকাল থেকে অসংখ্য ধর্মপ্রাণ মানুষ জমায়েত হন বেলুড় মঠে।

হাওড়ায় ধর্ষণ মামলায় দোষীর কারাদণ্ড

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ায় পসকো মামলায় প্রথম সাজা ঘোষণা হল। দ্বিতীয় অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক দীপঙ্কর পাল এই সাজা দিলেন। মামলাটি শুরু থেকেই প্রধান সরকারি আইনজীবী সোমনাথ বন্দ্যোপাধ্যায়ের তত্ত্বাবধানে ছিল। প্রসঙ্গত, ২০১৩ সালের ১৭ ডিসেম্বর ১৩ বছরের কিশোরী মোসাম্মদ জুলেখা খাতুন কলে জল আনতে যায়। দুপুর বেলায় রাস্তাঘাট ছিল ফাঁকা। সেই সময় আসামি মুন্নাফ তার মুখ চেপে ধরে জোর করে টেনে নিয়ে যায় তাকে। তারপর জোর করে ধর্ষণ করা হয় ওই কিশোরীকে। কিন্তু ঘটনার সাক্ষী থেকে যান মোসাম্মদের মামীমা রেহানা বেগম। তিনিই পরে তাকে উদ্ধার করে নিয়ে আসেন। এরপর মোসাম্মদের বাবা জুলফিকার উলুবেড়িয়া থানার লিখিত অভিযোগ জানান। তাঁর অভিযোগের ভিত্তিতে মামলা শুরু হয়। পসকো-১ আইনের ৪ ধারায় শুরু হয় মামলাটি। এই মামলায় ১২ জন সাক্ষীর সাক্ষ্য নেওয়া হয়। বিচারক ২০ ফেব্রুয়ারি তাঁর রায় ঘোষণা করে মুন্নাফকে দোষী সাব্যস্ত করেন। তিনি তাকে ৯ বছরের কারাদণ্ড এবং যৌন কারণে লাঞ্ছিত মেয়েটিকে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেন। এছাড়া সরকারকে আরও ৩০ হাজার টাকা তাকে দেওয়ার জন্য সুপারিশ করেন।

বরাহনগর রামকৃষ্ণ মিশনে আয়োজিত শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের ১৮২ তম আবির্ভাবতিথি।

নাট্যকার গিরীশ ঘোষের বাসভবনের সামনে জন্মদিনে তাঁর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয় কলকাতা পুরসভার পক্ষ থেকে। উপস্থিত ছিলেন স্থানীয় পুরপিতা বাপী ঘোষ সহ অন্যান্যরা। —ছবি : অরিজিৎ গাঙ্গুলি।

সুন্দরবনে বাঘের আক্রমণে আহত ৩ মৎস্যজীবী

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : সুন্দরবনে বাঘের আক্রমণে আহত হয়েছেন ৩ মৎস্যজীবী। গত রবিবার মহিষবাথান সংলগ্ন বিনোদবেড়িয়া গ্রাম থেকে পাঁচ জন মৎস্যজীবীর একটি দল সুন্দরবনের জঙ্গলে কাঁকড়া ধরতে যায়। কাঁকড়া ধরার সময় হঠাৎই একটি বাঘ তপন বেজ নামে এক মৎস্যজীবীর উপর ঝাঁপিয়ে পড়ে। তপনের উপর বাঘকে ঝাঁপিয়ে পড়তে দেখে অন্যরা আতঙ্কে চিৎকার করে ওঠেন। সেই সময় কালীপদ শ এবং জয়ন্ত শ নামে দুই মৎস্যজীবী লাঠি ও কাঁকড়া ধরার শিখ নিয়ে বাঘটিকে বেধড়ক মারতে থাকেন। তখন তপন বেজকে ছেড়ে সে তাদের আক্রমণ করে। পরে অবশ্য সকলের লাগাতার আক্রমণের মুখে দাঁড়াতে না পেরে বাঘটি জঙ্গলে লাফ দিয়ে পালায়। আহত তিন মৎস্যজীবীকে জামতলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের চিকিৎসা চলছে।

কান্দিতে আগুনে পুড়ল গোয়ালঘর

নিজস্ব সংবাদদাতা, কান্দি : মশা মারার জন্য ব্যবহৃত ধূপ থেকে অসাবধানে গোয়ালঘরে আগুন লেগে পুড়ে গেল একটা ঘর। কান্দির খড়গ্রাম থানার খড়সা গ্রামে সোমবার রাতে ঘটনা ঘটে। যদিও হতাহাতের খবর নেই। দমকলের একটা গাড়ি ঘটনাস্থলে গিয়ে আগুন নেভায়। পুলিশ জানিয়েছে, বাড়ির মালিকের নাম বামদেব ঘোষ। গরু, মহিষ সরিয়ে ফেলা হয়।

বিষাক্ত রাসায়নিক খেয়ে আত্মঘাতী যুবক

নিজস্ব সংবাদদাতা, কান্দি : মত্ত অবস্থায় বাড়ি ঢুকে চিৎকার করছিল এক যুবক। যুবকের পিতা নিষেধ করলেও শোনেনি। উল্টে বাবার বকুনি খেয়ে বাবার উপর রাগ করে আত্মঘাতী হল ওই যুবক। সোমবার রাতে ঘটনাটি ঘটে মুর্শিদাবাদের কান্দির বড়ঞা থানার কাপাসডাঙা গ্রামে। অপরদিকে ঘটনার পর এলাকার বাসিন্দারা ও বাড়ির লোকে যুবকটিকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে নিয়ে এলে ডাক্তার দেখে মৃত ঘোষণা করেন। পুলিশ জানিয়েছে, ঘটনায় মৃত যুবকের নাম সুকুমার পাল (২৩)। পিতা হৃদয় পাল। বাড়ি বড়ঞা থানার কাপাস ডাঙা গ্রামে। পরিবারটি দুধের ব্যবসা করে। দেহ কান্দি মহকুমা হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

অপরদিকে মৃত যুবকের বাবা বলেন, ছেলে বেকার। বাড়িতে প্রচুর গরু-মোষ রয়েছে। আমরা সকলে মিলে দুধের ব্যবসা করি। সোমবার রাতে ছেলে মত্ত অবস্থায় বাড়ি আসে। আমি মদ খাবার জন্য বকাবকি করি। ওই সময় ছেলে বাড়ির একটা পোষ্য টিয়াপাখি মাটিতে ফেলে মেরে দেয় এবং ঘরে রাখা বিষাক্ত কেমিক্যাল খেয়ে অসুস্থ হয়ে পরে। ওই কেমিক্যাল আমরা দুধকে ভাল রাখার জন্য ব্যবহার করি। ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে।

ইস্টার্ন সিল্ক ইন্ডাস্ট্রিজ লিঃ
Phone No. 033-22430817 (3 lines), Fax: 22482486,
email: investors@easternsilk.com
CIN: L17226WB1946PLC013554

নদীতে ডুবে মৃত ১, উদ্ধার ২

নিজস্ব সংবাদদাতা, কান্দি : খেলা শেষ করে নদীতে হাত পা ধুতে গিয়ে তলিয়ে গেল তিন শিশু। গ্রামবাসীরা সকলকে উদ্ধার করলেও এক শিশুর মৃত্যু হয়। সোমবার সন্ধ্যায় ঘটনাটি ঘটে মুর্শিদাবাদের কান্দির ভরতপুর থানার কুয়ে নদীর ধোপঘাটে। ঘটনার পর রাতে সকল শিশুকে উদ্ধার করে ভরতপুর ব্লক হাসপাতালে ভর্তি করে গ্রামবাসীরা। সকলের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ভরতপুর ব্লক হাসপাতাল থেকে পাঠানো হয় কান্দি মহকুমা হাসপাতালে।

Change of Name

I, MD ATIF RAJA **(old name), Daughter of Md Alam, Resident of 17/2/H/13, Smith Lane, PS-Entally, Kolkata-700 013, Shall henceforth be known as** MD ATIF REZA **(new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on-27/02/2017.**

Change of Name

I, KHUSHBU JATANIA **(old name), Daughter of Piyus Jatania, Resident of Faridpur, Kafala, Saluka, PS-Kolaghat, Purba Medinipur-721 130, Shall henceforth be known as** KHUSHBU BEGUM **(new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on-27/02/2017.**

CHANGE OF NAME

I, Sk. Saifuddin Ahammad residing at Vill.-Ansua, P.O.-Ilsoba-Mondlai, P.S.-Pandua, Dist.-Hooghly declare that my father Taiab Ahammed(Old Name) shall henceforth be known as Sk. Taiab Ahamed(New Name) vide affidavit sworn before the Notary Public, Hooghly at Chinsurah Court dated 27.02.2017. Taiab Ahammed and Sk. Taiab Ahamed is the same and one identical person.

ফর্ম –IV
বাংলা দৈনিক পত্রিকা
"আর্থিক লিপি"-এর মালিকানা ও অন্যান্য তথ্যাদি বিষয়ক বিবৃতি

১. প্রকাশনার স্থান : পি-১১, সি আই টি রোড, স্কিম-এল ভি, কলকাতা - ৭০০ ০১৪, পঃবঃ
২. প্রকাশনার পর্যাবৃত্তি : দৈনিক
৩. মুদ্রক ও প্রকাশকের নাম : শ্রী পার্থ কুণ্ডু
৪. ঠিকানা : পি-১১, সি আই টি রোড, স্কিম-এল ভি, কলকাতা - ৭০০ ০১৪, পঃবঃ
৫. সম্পাদকের নাম : শ্রী আশিষ লাহা
ক) জাতি : ভারতীয়
খ) ভারতীয় নাগরিক কিনা : হ্যাঁ
গ) বিদেশি হলে মাতৃভূমির নাম : প্রযোজ্য নয়
৬. ঠিকানা : পি-১১, সি আই টি রোড, স্কিম-এল ভি, কলকাতা - ৭০০ ০১৪, পঃবঃ
৭. উক্ত পত্রিকার মালিকের নাম ও ঠিকানা : শ্রী আশিষ লাহা, পি-১১, সি আই টি রোড, স্কিম-এল ভি, কলকাতা - ৭০০ ০১৪, পঃবঃ

আমি শ্রী পার্থ কুণ্ডু এতদ্বারা ঘোষণা করিতেছি যে উপরে বর্ণিত সকল তথ্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

তারিখ : ১ মার্চ, ২০১৭
স্বাঃ/-পার্থ কুণ্ডু
মুদ্রক ও প্রকাশক